

# 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭৫৭

১৫/ হজ্জ (حما باتك)

পরিচ্ছেদঃ ১৫/১৭. ইহরামের প্রকারভেদ, আর তা হজ্জে ইফরাদ এবং তামাতু এবং কিরান এবং হজ্জ ও উমরাহ্কে যুক্ত করা বৈধ এবং হজ্জ কারেন আদায়কারী কখন তার ইহরাম থেকে হালাল হবে।

بيان وجوه الإحرام وأنه يجوز إفراد الحج والتمتع والقران وجواز إِدخال الحج على العمرة، ومتى يحل القارن من نسكه

## আরবী

حديث عَائِشَة، قَالَتْ: خَرَجْنَا لاَ نَرَى إِلاَّ الْحَجَّ، فَلَمَّا كُنَّا بِسَرِفَ حِضْتُ، فَدَخَلَ عَلَيَّ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا أَبْكِي، قَالَ: مَا لَكِ، أَنُفِسْتِ قُلْتُ: نَعَمْ قَالَ: إِنَّ هذَا أَمْرٌ كَتَبَهُ اللهُ عَلَى بَنَاتِ آدَمَ فَاقْضِى مَا يَقْضِى الْحَاجُّ غَيْرَ أَنْ لاَ تَطُوفِي بِالْبَيْتِ قَالَتْ: وَضَحَى رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ نِسَائِهِ بِالْبَقَرِ

#### বাংলা

৭৫৭. 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমরা হাজের উদ্দেশেই (মদীনা হতে) বের হলাম। 'সারিফ' নামক স্থানে পৌঁছার পর আমার হায়্য আসলো। আল্লাহর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এসে আমাকে কাঁদতে দেখলেন এবং বললেনঃ কী হলো তোমার? তোমার হায়্য এসেছে? আমি বললাম, হাাঁ। তিনি বললেনঃ এ তো আল্লাহ্ তা'আলাই আদম-কন্যাদের জন্য নির্ধারণ করে দিয়েছেন। সুতরাং তুমি বায়তুল্লাহর তাওয়াফ ছাড়া হজের বাকী সব কাজ করে যাও। 'আয়িশাহ (রাঃ) বলেনঃ আল্লাহর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্ত্রীদের পক্ষ হতে গাভী কুরবানী করলেন।

# ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬: হায়য, অধ্যায় ১, হাঃ ২৯৪; মুসলিম ১৫ : হাজ, অধ্যায় ১৭, হাঃ ১২১১

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন